



প্রাথমিক বিদ্যালয় শুরু করার জন্য প্রস্তুত?

এখন যেহেতু আপনার সন্তানের বয়স ৫ বছর, তাদের প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করার কথা ভাবার সময় এসেছে।
প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বছরকে বলা হয় ফাউন্ডেশন (প্রিপারেশন)। শিশুরা ফাউন্ডেশন শুরু করতে পারে যদি
তারা স্কুল শুরু করার বছর ৩০ এপ্রিলের মধ্যে ৫ বছর বয়স পূর্ণ করে।
৬ বছর বয়সী শিশুদের জন্য স্কুলে যাওয়া বাধ্যতামূলক।

ভিট্টোরিয়ার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কীভাবে ভর্তি হবেন

আবেদন করার আগে

- আপনার সন্তান কোন বছর থেকে স্কুলে যেতে
পারবে তার বয়সের উপর ভিত্তি করে তা নির্ধারণ
করুন
- findmyschool.vic.gov.au ওয়েবসাইটে থেকে
স্কুল এবং স্কুল জোন খুঁজে নিন
- টুর বুক করার জন্য (ঐচ্ছিক) ১ম টার্ম থেকে
প্রাথমিক বিদ্যালয়ের সাথে যোগাযোগ করুন।

কিভাবে আবেদন করবেন

- ফাউন্ডেশন (প্রিপারেশন) আবেদনপত্র ২য় টার্ম
শুরুর সময় থেকেই গ্রহণ শুরু হবে
- জুলাই মাসের শেষ শুক্রবারের মধ্যে আপনার
আবেদনপত্র জমা দিন
- আগস্টের প্রথম ২ সপ্তাহের মধ্যে স্কুল আপনাকে
ফলাফল জানিয়ে যোগাযোগ করবে।



আরও জানুন

vic.gov.au/enrolling-foundation-prep ওয়েবসাইটে

The
Education
State

VICTORIA
State Government

Department
of Education